**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি**
**অবসর ভবন**
বাড়ি # ৭৫/এ, রোড # ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ২২২২৪০১৯০, ২২২২৪০১৮৯
website : www.brgewa.com
Email – brgewa@gmail.com

---

# ২০২২ থেকে ২০২৪ মেয়াদের কার্যনির্বাহী কমিটির আওতায় গঠিত স্বাস্থ্য উপ-কমিটির ১ম সভার কার্যবিবরণী ঃ

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির স্বাস্থ্য উপ-কমিটির ১ম সভা ১২ এপ্রিল, ২০২২ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সমিতির সভাপতি ও উপ-কমিটির চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক সভাপতিত্ব করেন।

সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

১. প্রফেসর ডাঃ আব্দুল মালেক
২. বীর মুক্তিযোদ্ধা কৃষিবিদ ড. শহীদুল ইসলাম
৩. বীর মুক্তিযোদ্ধা মোঃ আমান উল্লাহ
৪. বীর মুক্তিযোদ্ধা এম মিজানুর রহমান
৫. বীর মুক্তিযোদ্ধা মোঃ আলী কবির হায়দার
৬. বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার
৭. কৃষিবিদ মোঃ আব্দুস সোবহান ভূইয়া
৮. খোন্দকার মতিয়ার রহমান
৯. জনাব বাসুদেব গাঙ্গুলী
১০. ড. মোঃ শাহজাহান

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণক্রমে সমিতির মহাসচিব জনাব আবু আলম মো. শহিদ খান সভায় উপস্থিত ছিলেন। স্বাস্থ্য উপ-কমিটির চেয়ারম্যান সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর নিম্নোক্ত আলোচ্য বিষয়সমূহ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| আলোচ্যসূচী | আলোচনা | সুপারিশ |
|---|---|---|
| **আলোচ্যসূচী- ১ ঃ** নবগঠিত স্বাস্থ্য উপ-কমিটির সদস্যদের পরিচিতি। | সমিতির সভাপতি ও স্বাস্থ্য উপ-কমিটির চেয়ারম্যানের বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক এর আহ্বানক্রমে উপস্থিত সদস্যগণ নিজ নিজ পরিচিতি ও তাদের অভিজ্ঞতার বিষয় সভায় তুলে ধরেন। একই সাথে প্রত্যেকে সমিতির চিকিৎসা কেন্দ্রের বিভিন্ন সমস্যা ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে পরামর্শ প্রদান করেন। | (১) বার্ষিক স্বাস্থ্য পরীক্ষায় আরও কিছু প্রয়োজনীয় টেস্ট অর্ন্তভুক্ত করা যেতে পারে।<br>(২) চিকিৎসা কেন্দ্রের বিভিন্ন টেস্টের মূল্য পরীক্ষান্তে হ্রাসের ব্যবস্থা করা যেতে পারে।<br>(৩) তাৎক্ষণিক স্টিপের মাধ্যমে ব্লাড সুগার পরীক্ষার মূল্য টা: ৩০ নির্ধারণ করা যেতে পারে। |
| **আলোচ্যসূচী-২ ঃ** সমিতির চিকিৎসা কেন্দ্রে প্রদত্ত স্বাস্থ্য সেবা সম্পর্কে পর্যালোচনা ও সেবা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা ও সুপারিশনামা প্রণয়ন। | সভায় কৃষিবিদ মোঃ আব্দুস সোবহান ভূইয়া স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার স্বল্পমূল্যে ডায়ালসিস করা এবং বিভিন্ন হাসপাতালের সাথে স্বল্পমূল্যে পরীক্ষা করার ব্যবস্থা করার প্রস্তাব | (১) সমিতির চিকিৎসা কেন্দ্রে একজন করে নেফ্রোলজি, চর্ম রোগ বিশেষজ্ঞ, নিউরো মেডিসিন, বক্ষব্যাধি, গ্যাস্টোলজি ও এন্ডোক্রিনোলজিস্ট চিকিৎসক নিয়োগ করা যেতে পারে।<br>(২) সমিতির চিকিৎসা কেন্দ্রে বিনা বেতনে |

| | | |
|---|---|---|
| | করেন। বীর মুক্তিযোদ্ধা এম মিজানুর রহমান চিকিৎসা কেন্দ্রের পরীক্ষার ফি হ্রাস করার প্রস্তাব করেন। বীর মুক্তিযোদ্ধা মো: আলী কবির হায়দার সমিতির চিকিৎসা কেন্দ্রের ফিজিওথেরাপি বিভাগে এয়ারকন্ডিশন করা এবং র‌্যানডম সুগার পরীক্ষার ফি কমানোর প্রস্তাব করেন। বীর মুক্তিযোদ্ধা মো: আমান উল্লাহ সভায় বলেন বিভিন্ন পরীক্ষার ফি কমানো উচিৎ নয়, বার্ষিক স্বাস্থ্য পরীক্ষায় কতিপয় জরুরী টেস্ট সংযোজন করা এবং গরীব পেনশনারদের ঔষুধ সরবরাহের ব্যবস্থা করা, চিকিৎসা কেন্দ্রে আগত রিপ্রেজেনটিভদের আগমন কমাতে হবে। বীর মুক্তিযোদ্ধা কৃষিবিদ ড. শহীদুল ইসলাম বলে রিপ্রেজেনটিভদের এর বিষয়ে ডাক্তারদের সাথে কথা বলা যেতে পারে। জনাব বাসুদেব গাঙ্গুলী সভায় উল্লেখ করেন যে খালি পেটে রক্ত দেয়া হলে নাস্তা খাওয়ার পর ২ ঘন্টা অপেক্ষমান থাকতে হয়। এ দুই ঘন্টা সদস্যদের বসার ব্যবস্থা করার প্রস্তাব করেন। ড. মোঃ শাহজাহান সমিতির চিকিৎসা কেন্দ্রের পরীক্ষা ফি যথাযথ আছে মর্মে উল্লেখ করে তা হ্রাস করার উচিৎ নয় মর্মে মতামত ব্যক্ত করেন। এছাড়া তিনি সেবার মানও মানসম্মত বলে উল্লেখ করেন।<br>সভায় উপ-কমিটির সদস্য-সচিব প্রফেসর ডাঃ মো: আব্দুল মালেক উল্লেখ করেন যে, সমিতির চিকিৎসা কেন্দ্রে বর্তমানে গ্যাস্টোলজি, চর্ম রোগ বিশেষজ্ঞ, নেফ্রোলজি, নিউরোলজি, অংকলোজি চিকিৎসক নেই। তিনি প্রয়োজনীয়তার ওপর বিবেচনা করে চিকিৎসক নিয়োগের প্রস্তাব করেন। এছাড়া কিডনী রোগীদের ডায়ালসিস করার বিষয়ে আলোচনা করেন। | সেবাদানকারী সিনিয়র ডায়াবেটিকস চিকিৎসক ডাঃ ইমাম কোনাউনের আগ্রহের পরিপ্রেক্ষিতে তাঁকে চিকিৎসক হিসেবে নিয়োগ করা যেতে পারে।<br>(৩) সমিতির সদস্যদেরকে স্বল্পমূল্যে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রাপ্তির লক্ষ্যে সমিতির সাথে সরকারি/বেসরকারী হাসপাতালের MOU সম্পাদনের নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা হয় :<br>(ক) বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার - আহ্বায়ক<br>(খ) বীর মুক্তিযোদ্ধা মো: আমান উল্লাহ-সদস্য<br>(গ) ডাঃ সৈয়দ ফিরোজ আলমগীর - সদস্য<br>(ঘ) ড. মোঃ শাহজাহান - সদস্য<br>উক্ত কমিটি MOU সম্পাদনের বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করবে। |
| **আলোচ্যসূচী-৩ ঃ** সমিতির সদস্যদের চিকিৎসা ভাতা সংক্রান্ত সরকারি অনুদান বৃদ্ধিকরণ সংক্রান্ত আলোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | সভায় সমিতির সদস্যদের চিকিৎসা ভাতা সংক্রান্ত সরকারি অনুদান বৃদ্ধির বিষয়টি আলোচনাকালে পেনশনারগণের দাবী দাওয়া বাস্তবায়ন উপ-কমিটির মাধ্যমে উপস্থাপন করার প্রস্তাব করা হয়। | সদস্যদের চিকিৎসা ভাতা সংক্রান্ত সরকারি অনুদান বৃদ্ধির বিষয়টি পেনশনারগণের দাবী দাওয়া বাস্তবায়ন উপ-কমিটির মাধ্যমে উপস্থাপন করা যেতে পারে। |
| **আলোচ্যসূচী-৪ঃ** কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তের আলোকে সমিতির চিকিৎসা কেন্দ্রের সময়সীমা ও প্রয়োজনীয় জনবল এবং আনুসাঙ্গিক সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ। | সভায় সমিতির সভাপতি ও স্বাস্থ্য উপ-কমিটির চেয়ারম্যান উল্লেখ করেন যে, সমিতির চিকিৎসা কেন্দ্রের সময়সীমা বৃদ্ধি করে ২য় শিফ্‌ট হিসেবে রাত ৮.০০ পর্যন্ত পরীক্ষামূলকভাবে চালুর ব্যবস্থা করা, একটি ইমার্জেন্সি ইউনিট চালু এবং সমিতির চিকিৎসা কেন্দ্রে কিডনী রোগীদের ডায়ালসিস করার প্রস্তাব করেন। | (১) চিকিৎসা কেন্দ্রে ২ (দুই) জন চিকিৎসকসহ প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে সমিতির নতুন ভবনের নীচ তলার পশ্চিমাংশে ইমার্জেন্সি ইউনিট চালুর ব্যবস্থা করা যেতে পারে।<br>(২) বিভিন্ন পদে চিকিৎসক নিয়োগের পর |

| | | |
|---|---|---|
| | | দুই শিফ্টে চিকিৎসা সেবা চালু করা যেতে পারে।<br><br>(৩) চিকিৎসা কেন্দ্রে কিডনী রোগীদের ডায়ালসিস চালু করার ব্যাপারে প্রফেসর ডাঃ আব্দুল মালেককে পরীক্ষান্তে একটি রির্পোট পেশ করতে পারেন। |
| **আলোচ্যসূচী- ৫ ঃ** সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স গ্রহণ সংক্রান্ত আলোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | সভায় উল্লেখ করা হয় যে, সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স গ্রহণ করা জরুরী হয়ে পড়েছে। লাইসেন্স গ্রহণের জন্য চিকিৎসা কেন্দ্রের একটি যৌক্তিক নাম নির্ধারণ করার প্রয়োজন। এ প্রেক্ষিতে সমিতির মহাসচিবসহ সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে অধিকাংশ সদস্য BRGEWA মেডিকেল কনসালটেন্সি এন্ড ডায়াগনিস্টিক সেন্টার নামকরণ করার প্রস্তাব করেন। এছাড়া লাইসেন্স প্রাপ্তির ব্যাপারে বিস্তারিত আলোচনা করে একটি গঠন করার প্রস্তাব করা হয়। | (১) সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে চিকিৎসা কেন্দ্রের নাম "BRGEWA মেডিকেল কনসালটেন্সি এন্ড ডায়াগনিস্টিক সেন্টার" নামকরণ করা যেতে পারে।<br>(২) সমিতির চিকিৎসা কেন্দ্রের লাইসেন্স প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্লোক্তভাবে একটি কমিটি গঠন করা যেতে পারে ঃ<br>(ক) প্রফেসর ডাঃ আব্দুল মালেক - আহ্বায়ক<br>(খ) জনাব বাসুদেব গাঙ্গুলী - সদস্য<br>(গ) কৃষিবিদ মোঃ আব্দুস সোবহান ভূইয়া - সদস্য<br>(ঘ) খোন্দকার মতিয়ার রহমান - সদস্য<br>(ঙ) জনাব মোহা ওয়ালিউর রহমান - সদস্য |
| **আলোচ্যসূচী-৬ ঃ** বিবিধ। | বিবিধ আলোচনাকালে সভায় স্বাস্থ্য উপ-কমিটির চেয়ারম্যান উল্লেখ করেন যে, সমিতির উত্তরার ১ বিঘা জায়গায় অস্থায়ী অবকাঠামো নির্মাণ করে সংশ্লিষ্ট এলাকার সমিতির সদস্যদের ও এলাকার বাসিন্দাদের জন্য চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ধিত অর্থ প্রাপ্তির ব্যাপারে গঠিত কমিটির সুপারিশ মোতাবেক উত্তরার জায়গায় অস্থায়ী অবকাঠামো নির্মাণ করে প্রাথমিক স্বাস্থ্য সেবা এবং বিভিন্ন পরীক্ষার স্যাম্পল কালেকশন করে স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। |

অতঃপর স্বাস্থ্য উপ-কমিটির চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক)
চেয়ারম্যান
স্বাস্থ্য উপ-কমিটি